

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.৪০.১২৮.২০১৫-২৬৬

তারিখ : ২১/০৪/১৪২২ বঙ্গাব্দ
০৫/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে বেসরকারী পর্যায়ে মনো-এমোনিয়াম ফসফেট (এমএপি) সার আমদানি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে মনো - এমোনিয়াম ফসফেট (এমএপি) সারের বাৎসরিক চাহিদা নিরূপন করা হয় ১৫০০০ মে.টন। সারের সংগ্রহ ও পরিকল্পনা প্রণীত হওয়ায় বিগত ২৯ জানুয়ারি ২০১৫ তারিখ নং ১২.০০.০০০০.০৩০.৪০.১১৫.১৫-৫৮ স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের আলোকে এবং নিম্ন-বর্ণিত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ভর্তুকি কর্মসূচীর আওতায় বেসরকারী পর্যায়ের জন্য নির্ধারিত কোটার এমএপি সার সংগ্রহের জন্য এনপিকেএস সার উৎপাদনকারীগণের নিজস্ব প্যাডে প্রস্তাব (সীল গালাকৃত খামে) আহ্বান করা যাচ্ছে :

- ক) জাহাজীকরণের সুবিধার্থে একক প্রতিষ্ঠান কর্তৃক ৭,৫০০ মে.টন এর অধিক সার আমদানির প্রস্তাব দাখিল করা যাবে না।
- খ) নন-ইউরিয়া সারের বিক্রয়, বিতরণ এবং ভর্তুকি প্রদান পদ্ধতির আওতায় সংশ্লিষ্ট কাগজপত্র ও ব্যাংক ড্রাফটসহ আগামী ১৬/০৮/২০১৫ তারিখের মধ্যে প্রস্তাব দাখিল করতে হবে।
- গ) প্রাপ্ত প্রস্তাব সমূহ হতে সর্বনিম্ন মূল্যের ক্রমানুসারে দরদাতা প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।
- ঘ) বাংলাদেশ ব্যাংকের পরামর্শ মোতাবেক সার আমদানির অর্থায়নের সুদহার ১৪% এর মধ্যে সীমিত থাকবে।
- ঙ) এনপিকেএস সার উৎপাদনকারীগণকে বিনির্দেশ মোতাবেক নির্ভেজাল এনপিকেএস মিশ্র সার উৎপাদনে বাধ্য থাকিবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লেখিত নির্দেশনাসহ "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের শর্তাদি প্রতিপালন করে সার আমদানির প্রস্তাব আগামী ১৬/০৮/২০১৫ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে (ভবন-৪, কক্ষ নং ৫০৮) দাখিলের বিষয়ে মিশ্র সার উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে অবহতির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শেখ বদিউল আলম)

উপ-প্রধান

ফোনঃ ৯৫৪০৬০৬

চেয়ারম্যান

বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন(বিএফএ)

আলরাজি কমপ্লেক্স, ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)